এবার ঈদ আয়োজনে ২০ সিনেমা

নিউজবিডি৭১ডটকম
ঢাকা: বর্ণিল ঈদ অনুষ্ঠানমালায় সাজিয়ে থাকে দেশের টিভি চ্যানেলগুলো। ম্যাগাজিন,নৃত্য ও সঙ্গীতানুষ্ঠান,শিশুতোষ অনুষ্ঠান, সেলিব্রেটি শো, রম্য ম্যাগাজিন, একক নাটক, ধারাবাহিক নাটকসহ বিবিধ আয়োজনের পাশাপাশি প্রায় প্রতিটি চ্যানেলেই প্রচার হয়ে থাকে বাংলা চলচ্চিত্র।

এবার ঈদ আয়োজনে ২০টি বাংলা চলচ্চিত্র প্রচার করবে এটিএন বাংলা। ১০ দিনব্যাপী ঈদ আয়োজনে এই চলচ্চিত্রগুলো প্রচার করবে তারা।

এর মধ্যে আবার ৩টি ছবির ওয়ার্ল্ড প্রিমিয়ারও রয়েছে। ছবি তিনটি হলো দীপঙ্কর দীপনের ‘ঢাকা অ্যাটাক’, জাহাঙ্গীর আলম সুমনের ‘সোনাবন্ধু’ এবং সারোয়ার হোসেনের ‘খাস জমিন’। চলচ্চিত্র তিনটি এটিএন বাংলায় প্রচার হবে যথাক্রমে ঈদের দ্বিতীয়, তৃতীয় এবং অষ্টমদিন বেলা ৩টা ১০ মিনিটে।

এছাড়া অন্য যে ১৭টি চলচ্চিত্র প্রচার হবে সেগুলো হলো ওয়াজেদ আলী সুমনের ‘সুইট হার্ট’, রাজু চৌধুরীর ‘প্রিয়া আমার জান’,এসএ হক অলিকের ‘আরো ভালো বাসবো তোমায়’,ইফতেখার চৌধুরীর ‘দেহরক্ষী’, বদিউল আল খোকনের ‘হিরো দ্য সুপারস্টার, মাই নেম ইজ খান ও নিস্পাপ মুন্না’,এফ আই মানিকের ‘জজ ব্যারিস্টার পুলিশ কমিশনার’,শাহাদাৎ হোসেন লিটনের ‘জোর করে ভালবাসা হয় না ও প্রেমে পড়েছি’,ওয়াকিল আহমেদ এর ‘কত স্বপ্ন কত আশা’,সাফি উদ্দিন সাফি’র ‘পূর্ণদৈর্ঘ্য প্রেম কাহিনী’,‘ওয়ার্নিং’ ও ‘ভালবাসা এক্সপ্রেস’, অনন্ত জলিলের ‘মোস্ট ওয়েলকাম ২’, সাফি ইকবালের ‘প্রেম মানে না বাধা’, এবং মোহাম্মদ হোসেন জেমী’র ‘কিং খান’।

উল্লেখ্য এই ১৭টি চলচ্চিত্রের মধ্যে ১২টি ছবিতেই অভিনয় করেছেন চিত্রনায়ক শাকিব খান।

নিউজবিডি৭১/আর/ ৮ জুন , ২০১৮